

সিটি কলেজে সমাপ্ত এনএসএস-এর ৭ দিনের শিবির



সকালের শিরোনাম

শালবনি, মেদিনীপুর

মেদিনীপুর সিটি কলেজের জাতীয় সেবা প্রকল্পের(এন এস এস) উদ্যোগে ৭ দিনের বিশেষ শিবির অনুষ্ঠিত হলো শালবনি ব্লকের কুতুরিয়া জুনিয়র হাইস্কুলে কুতুরিয়া

গ্রাম ও কলেজ ক্যাম্পাসে আয়োজিত নানা ধরনের কর্মসূচির মধ্য দিয়ে। শিবিরের সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধিকর্তা ডঃ প্রদীপ ঘোষ, অধ্যক্ষ অধ্যাপক ডঃ সুনীপু চক্রবর্তী, উপাধ্যক্ষ অধ্যাপক ডঃ কুন্তল ঘোষ, এনএসএস-এর প্রোগ্রাম অফিসার অধ্যাপক ডঃ তপন দাস, অধ্যাপক সোমনাথ রাণা প্রমুখ। শিবিরের প্রারম্ভিক কর্মসূচি হিসেবে যক্ষা সচেতনতা মূলক বক্তব্য রাখেন বিশিষ্ট গবেষক অধ্যাপক ডঃ শাস্ত্রনু কর মহাপাত্র। সাত দিন ধরে সাফাই অভিযান, চারাগাছ রোপন, যোগচর্চা, অংকন, প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, কুইজ

প্রতিযোগিতা, ক্ষেত্র সমীক্ষা, আঞ্চ আবরক্ষা শিক্ষা, ক্রীড়া প্রতিযোগিতা, স্বাস্থ্য পরীক্ষা শিবির সহ নানা কর্মসূচি অনুষ্ঠিত হয়। পাশাপাশি স্পর্দংশন, বিশ্ব উৎসাহ, স্বাস্থ্য সচেতনতা, সমানাধিকার, যক্ষা সচেতনতা, বাল্যবিবাহ প্রতিরোধ সহ নানা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শেষ দিনে পুরস্কার বিতরণী কর্মসূচি অনুষ্ঠিত হয়। সেদিন বিশেষ অতিথি আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের এনএসএস-এর কো-অর্ডিনেটর অধ্যাপক ডঃ দেবদুলাল ব্যানার্জী। এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ডঃ সুনীপু চক্রবর্তী, উপাধ্যক্ষ ডঃ কুন্তল ঘোষ, কুতুরিয়া স্কুলের ভারতাণ্ড প্রধান শিক্ষক অরুণাঙ্গণ দে সহ অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকা ও শিক্ষক-শিক্ষিকাগণ। এই শিবিরে এনএসএস-এর শতাধিক স্নেছাসেবক অংশ নেন। শিবিরকে ধৈরে ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়।

শালবনিতে এন এস এস শিবির সিটি কলেজের ছাত্রছাত্রীদের

পত্রিকা প্রতিনিধি : মেদিনীপুর সিটি কলেজের জাতীয় সেবা প্রকল্পের (এন এস এস) উদ্যোগে সাতদিনের বিশেষ শিবির অনুষ্ঠিত হল শালবনির কুতুরিয়া গ্রাম ও কলেজ ক্যাম্পাসে। শিবিরে সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধিকর্তা ড. প্রদীপ ঘোষ, অধ্যক্ষ সুনীপু চক্রবর্তী, উপাধ্যক্ষ কুন্তল ঘোষ, এন এস এস এর তপন দাস, সোমনাথ রাণা প্রমুখ। শিবিরের যক্ষা সচেতনতামূলক বক্তব্য রাখেন ডঃ শাস্ত্রনু কর মহাপাত্র। সাতদিন ধরে সাফাই অভিযান, চারাগাছ রোপণ, যোগচর্চা, অংকন, সাংস্কৃতিক প্রতিযোগিতা, ক্ষেত্র সমীক্ষা,



আঞ্চ আবরক্ষা শিক্ষা, ক্রীড়া ও স্বাস্থ্য পরীক্ষা শিবির হয়। শেষ দিনে হয় ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের দেবদুলাল বন্দ্যোপাধ্যায়, কুতুরিয়া পুরস্কার বিতরণ অনুষ্ঠান। উপস্থিত স্কুলের অরুণাঙ্গণ দে প্রমুখ।

সারা ভারত টেবিল টেনিস প্রতিযোগিতা শুরু হলদিয়ায়